



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Tel.: 09638012345

Ref: সাকুলার নং- বিজিএ/কাস/২০২০/৯৯

১৬ জুন ২০২০

## অতীব জরুরী

### সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয় : চট্টগ্রাম বন্দরস্থ জেটিতে রক্ষিত পোশাক শিল্পের পণ্যবাহী আমদানীকৃত কন্টেইনার দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।

সম্মানিত সকল সদস্যদের সদয়াবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৬/০৩/২০২০ইং তারিখ হতে ৩০/০৫/২০২০ইং তারিখ পর্যন্ত সরকার কর্তৃক করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সাধারণ ছুটি সহ লকডাউন ঘোষনার কারণে তৈরী পোশাক কারখানা বন্ধ/ছুটি ঘোষণা করায় উৎপাদন কার্যক্রম সহ যাবতীয় কার্যক্রম স্থবির হয়ে পড়ে। ফলে বন্দরে জাহাজ ও কন্টেইনার জট থেকে উত্তরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনায় গত ২৪/০৪/২০২০ইং তারিখ থেকে পোশাক শিল্পের আমদানীকৃত চালান সমূহ প্রাইভেট আইসিডি থেকে খালাস করতে হচ্ছে, যা ৩০/০৬/২০২০ইং তারিখ পর্যন্ত বলবৎ আছে।

কিন্তু প্রাইভেট আইসিডি সমূহে পর্যাপ্ত স্থান, ইক্যুপমেন্ট ও শ্রমিক স্বল্পতা, সার্বক্ষণিক কাস্টমস কর্মকর্তার উপস্থিতি না থাকা এবং মালামাল খালাসে প্রয়োজ্য চার্জ চট্টগ্রাম বন্দর থেকে অনেক গুণ বেশী হওয়ার কারণে পোশাক শিল্পের বর্তমান সংকটময় পরিস্থিতি বিবেচনায় বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ গত ১৫/০৬/২০২০ইং তারিখ থেকে পোশাক শিল্পের আমদানীকৃত পণ্য চালান প্রাইভেট আইসিডি'তে প্রেরণ বন্ধের নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে পোশাক শিল্পের পণ্যবাহী আমদানীকৃত কন্টেইনার সমূহ (FCL / LCL) বন্দরস্থ জেটি থেকে দ্রুত ডেলিভারী নেয়ার লক্ষ্যে প্রয়োজনীয় জরুরী পদক্ষেপ গ্রহণ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

  
ড. রুবানা হক  
সভাপতি